অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/3/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওয়েস্টচেস্টার কাউন্টিতে 70 ইউনিট সিনিয়র হাউজিং ডেভেলপমেন্টের সম্প্রসারণ কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

38 মিলিয়ন মার্কিন ডলারের পুনর্নির্মাণ প্রকল্পটি গ্রিনবার্গ টাউনের 50 বছরের পুরোনো ম্যানহাটন অ্যাভিনিউ সিনিয়র অ্যাপার্টমেন্টসে 40টি ইউনিট যোগ করে

বাস এবং ট্রেন স্টেশনের কাছের ট্রানজিটকেন্দ্রিক ডেভেলপমেন্টটি 62 বছর বা তার বেশি বয়সের বয়স্কদের শীর্ষমানের সুযোগসুবিধা প্রদান করবে, যেখানে কমিউনিটি স্পেস এবং নিচতলায় পার্কিং থাকবে

নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বৃদ্ধি করতে গভর্নরের দীর্ঘমেয়াদি কৌশলের অনুবর্তী, যার মধ্যে দুর্বল জনগোষ্ঠীর জন্য আবাসন রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ওয়েস্টচেস্টার কাউন্টির গ্রিনবার্গ টাউনে 70 ইউনিটের ম্যানহাটন অ্যাভিনিউ সিনিয়র অ্যাপার্টমেন্টসের (Manhattan Avenue Senior Apartments) কাজ শেষ হয়েছে। নতুন ডেভেলপমেন্টটি 1972 সালে নির্মিত একটি ক্ষয়প্রাপ্ত 30 ইউনিটের বয়স্কদের ফেডারেল সরকারি আবাসন ফ্যাসিলিটিকে প্রতিস্থাপিত করেছে এবং অতিরিক্ত 40টি অ্যাপার্টমেন্ট দ্বারা কমপ্লেক্সটিকে সম্প্রসারিত করেছে।

"ম্যানহাটন অ্যাভিনিউ সিনিয়র অ্যাপার্টমেন্টসের রূপান্তর বয়স্কদের ওয়েস্টচেস্টার কাউন্টিতে নিরাপদ, সুরক্ষিত, এবং সাশ্রয়ী আবাসন পেতে সাহায্য করবে এবং দীর্ঘদিনের বাসিন্দাদের নিজেদের সম্প্রদায়ে, বন্ধু ও পরিবারের কাছে থেকে যাওয়া সম্ভব করবে," **গভর্নর হোকল বলেন।** "এই ডেভেলপমেন্টকে ঢেলে সাজানো সমর্থন করার মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সম্ভাবনা উন্মোচন করতে এবং আমাদের বয়স্ক মানুষ সহ সকল নিউ ইয়র্কবাসীকে তাদের প্রাপ্য বাসস্থান প্রদান করার জন্য সম্ভাব্য সকল কৌশল ব্যবহার করতে আমার প্রশাসন এর প্রতিশ্রুতিতে জোর প্রদান করছে।"

বিগত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) ওয়েস্টচেস্টার কাউন্টিতে 1,500 সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করেছে। ম্যানহাটন অ্যাভিনিউ সিনিয়র অ্যাপার্টমেন্টস এই প্রয়াসকে অব্যাহত রাখতে এবং এটি গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার সম্পূরক যা পুরো নিউ ইয়র্কে 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে দুর্বল

জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000টি থাকবে, সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

ম্যানহাটন অ্যাভিনিউ সিনিয়র অ্যাপার্টমেন্টস একটি একক তিনতলা ভবন যেখানে 62 বছর বা তার বেশি বয়সের বয়স্কদের জন্য 70টি অ্যাপার্টমেন্ট রয়েছে। নতুন ভবনটি ছয়টি জর্জরিত ভবনকে প্রতিস্থাপিত করেছে যা 1972 সালে প্রথম ফেডারেল হাউজিং এবং আর্বান ডেভেলপমেন্ট বিভাগ (Department of Housing and Urban Development) কর্তৃক বয়স্কদের বাসস্থান হিসেবে নির্মিত হয় এবং গ্রিনবার্গ হাউজিং অথোরিটি (Greenburgh Housing Authority) কর্তৃক এটি পরিচালিত হয়। বিদ্যমান ভাড়াটিয়াদেরকে নির্মাণকাজের সময় অন্য স্থানে রাখা হয় এবং তারা এখন নতুন কমপ্লেক্সটিতে ফেরত এসেছে।

ভবনে সকলের ব্যবহারের জন্য সুযোগ সুবিধার মধ্যে রয়েছে নিচ তলায় লন্ড্রি কক্ষ, কম্পিউটার কক্ষ, কমিউনিটি কক্ষ, বড় লবির স্থান, এবং একটি বাণিজ্যিক রান্নাঘর। ভাড়াটিয়াদের জন্য 43টি নিচ তলার পার্কিং স্থান সংরক্ষিত আছে।

এন্টারপ্রাইজ গ্রিন কমিউনিটিজ 2015 মানদণ্ড পূরণ করার জন্য ডেভেলপমেন্টটির নকশা করা হয়েছে। ডেভেলপমেন্টটিতে এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স এবং পানি সংরক্ষণকারী কম প্রবাহের ফিক্সচারের মতো শক্তিদক্ষ বৈশিষ্ট্য রয়েছে।

নির্মাতা দল হলো গ্রিনবার্গ হাউজিং অথোরিটির অংশীদারিত্বে জর্জিকা গ্রিন ভেঞ্চার্স, এলএলসি (Georgica Green Ventures, LLC)।

ম্যানহাটন অ্যাভিনিউ সিনিয়র অ্যাপার্টমেন্টসটি একটি স্থানীয় বাস লাইন এবং মেট্রো নর্থ ট্রেন স্টেশন উভয়ের কাছে অবস্থিত। এটি কনভেনিয়েন্স স্টোর, একটি বড় শপিং সেন্টার, স্বাস্থ্যসেবা, এবং একটি মিউনিসিপ্যাল পার্কের থেকে হাঁটা দূরত্বে অবস্থিত। পাশাপাশি, ম্যানহাটন অ্যাভিনিউ সিনিয়র অ্যাপার্টমেন্টস থিওডোর এইচ ইয়ং কমিউনিটি সেন্টারের (Theodore H. Young community center) পাশে অবস্থিত যা সাঁতার কাঁটা, কেনাকাটার যাত্রা, সোশ্যাল ক্লাব, এবং খাদ্য প্যান্ট্রির মতো শিক্ষামূলক, সাংস্কৃতিক, এবং বিনোদনমূলক ইভেন্ট প্রদান করে।

37.7 মিলিয়ন মার্কিন ডলারের ডেভেলপমেন্টটির জন্য স্টেট অর্থায়নে রয়েছে 5.3 মিলিয়ন মার্কিন ডলার কর মওকুফ বন্ড, 14.3 মিলিয়ন মার্কিন ডলার নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Low Income Housing Tax Credits), এবং HCR থেকে 14.7 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি।

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "নতুন 38 মিলিয়ন মার্কিন ডলারের, 70 বাসার ম্যানহাটন অ্যাভিনিউ সিনিয়র অ্যাপার্টমেন্টসটি এই সাইটকে বয়স্ক নিউ ইয়র্কবাসীর সাশ্রয়ী বসবাসের জন্য নিবেদিত রাখতে সম্প্রদায়ের মিলিত নিবেদনকে প্রদর্শন করে। গ্রিনবার্গ হাউজিং অথোরিটি এবং জর্জিকা গ্রিন ভেঞ্চার্স এই ডেভেলপমেন্টটির ধারণক্ষমতা দ্বিগুণের বেশি করেছে এবং একই সাথে এলাকার মাত্রা ও উন্মুক্ত স্থানকে সংরক্ষণ করেছে, প্রমাণ করে দিয়েছে যে ভালো নকশা এবং আমাদের আবাসন সঙ্কট সমাধান করতে সাহায্য করার প্রতিশ্রুতি একত্রে ভালোভাবে কাজ করতে পারে।"

স্টেট সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "স্টেট সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা হিসেবে, আমি এমন তহবিল প্রদানে কাজ করছি যা আবাসন কর্তৃপক্ষ এবং নির্মাতাদের মধ্যে অংশীদারিত্বের, এমন আরো ইউনিট নির্মাণের এবং বয়স্ক ও কর্মীবাহিনীর বাসস্থান হিসেবে বাজারজাতকরণের একটি পথ তৈরি করতে পারে। বন্ড, ভর্তুকি এবং কর ক্রেডিট ইক্যুইটির মাধ্যমে স্টেট যে এই প্রকল্পের অর্থায়নে 34 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে তার জন্য আমি গর্বিত। আমাদের পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য ও চাহিদা অনুযায়ী সাশ্রয়ী আবাসন নির্মাণে আমাদের সাধারণ লক্ষ্যের প্রতি স্টেটের আইনসভা, গভর্নর হোকল, এবং NYS হোম এবং কমিউনিটি রিনিউয়াল প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের প্রয়াস যে 35তম সিনেট জেলায়, গ্রিনবার্গে, ম্যানহাটন অ্যাভিনিউয়ের এমন একটি অবস্থানে ফলাফল নিয়ে এসেছে যেখানে গণপরিবহন, স্বাস্থ্যসেবা এবং সম্প্রদায়ের বিনোদন সহজলভ্য, তা দেখে আমি অতি আনন্দিত। ফিতা কাটার মাধ্যমে এই অংশীদারিত্বকে ফলপ্রসূ করার জন্য আমি গ্রিনবার্গ হাউজিং অথোরিটির এবং জর্জিকা গ্রিন ভেঞ্চার্সকে অভিনন্দন জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য ম্যারিজেন শিমস্কি বলেন, "গ্রিনবার্গের যে এখন ম্যানহাটন অ্যাভিনিউ সিনিয়র অ্যাপার্টমেন্টসে 70টি পুনর্নির্মিত, শক্তিদক্ষ ইউনিট বয়স্ক নাগরিকের জন্য সাশ্রয়ী আবাসন রয়েছে তা নিয়ে আমি আনন্দিত। এবং নির্মাণের সময় ভিন্ন স্থানে থাকতে হওয়া এবং এখন তাদের প্রিয় বাসায় ফেরত আসা বাসিন্দাদের আরেকবার স্বাগত জানাচ্ছি। এই আবাসন আমাদের বয়স্করা যেই সম্প্রদায় গঠনে সাহায্য করেছে সেখানেই আরাম, নিরাপত্তা, ও সংযুক্ত হয়ে বাস করা তাদের জন্য সম্ভব করেছে।"

ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "গ্রিনবার্গে ম্যানহাটন অ্যাভিনিউ সিনিয়র অ্যাপার্টমেন্টসের ফিতা কাটতে পেরে আমরা অতি আনন্দিত, এটি পরিশেষে আমাদের সর্বাধিক দুর্বল বাসিন্দাদের কিছু অংশ, আমাদের বয়স্কদের একটি প্রয়োজন পূরণে সাহায্য করে। এইসব বাসস্থানের নির্মাণে যখন আমরা উল্লেখযোগ্য তহবিল বরাদ্দ করি, তখন আমরা ওয়েস্টচেস্টার কাউন্টির বহু মানুষের জন্য জীবনযাত্রার মান উন্নত করতে সাহায্য করছি। আমাদের অনেক বয়স্ক মানুষ নির্দিষ্ট আয়ে জীবনযাপন করে, এবং নিরাপদ ও সাশ্রয়ী আবাসনে বাস করার সুযোগ থাকা তাদের জন্য অতি গুরুত্বপূর্ণ। ম্যানহাটন অ্যাভিনিউ সিনিয়র অ্যাপার্টমেন্টস আমাদেরকে সেই লক্ষ্য অর্জনে সাহায্য করে।"

গ্রিনবার্গ টাউনের সুপারভাইজার পল ফাইনার বলেন, "এটি গ্রিনবার্গ টাউনের জন্য দারুণ একটি নতুন সংযোজন। এটি বয়স্কদের উপভোগের জন্য একটি আরামদায়ক, পরিচ্ছন্ন এবং নতুন সুন্দর অত্যাধুনিক সাশ্রয়ী আবাসন প্রদান করবে। এটিকে সম্ভব করার জন্য গ্রিনবার্গ হাউজিং অথোরিটি দীর্ঘদিন ধরে অনেক কাজ করেছে। আমার একমাত্র আফসোস হলো অনুমোদন প্রক্রিয়ার জন্য এতো বেশি সময় লেগেছে, কিন্তু অপেক্ষা ফলপ্রসূ হয়েছে।"

গ্রিনবার্গ হাউজিং অথোরিটির নির্বাহী পরিচালক রাজু আব্রাহাম বলেন, "গ্রিনবার্গ টাউনের সম্প্রদায়ে আরো উত্তম আবাসনেই সুযোগ পরদিন করার গ্রিনবার্গ হাউজিং অথোরিটির মিশনে একটি মাইলফলক হলো ম্যানহাটন অ্যাভিনিউ সিনিয়র অ্যাপার্টমেন্টস।"

জর্জিকা গ্রিন ভেঞ্চার্স, এলএলসির প্রেসিডেন্ট ডেভিড গ্যালো বলেন, "সম্প্রদায়ের বয়স্কদেরকে তাদের প্রয়োজনের কথা মাথায় রেখে নকশা করা একটি সুন্দর, নিরাপদ, টেকসই,

আধুনিক ভবন প্রদান করা, এবং বয়স্কদের জন্য আরো 40 ইউনিট সাশ্রয়ী আবাসন যোগ করার জন্য গ্রিনবার্গ হাউজিং অথোরিটি কর্তৃক নির্বাচিত হতে পেরে আমরা অনেক গর্বিত হয়েছি। এই পুরো প্রক্রিয়াতে তাদের অংশীদারিত্ব এবং আস্থার জন্য NYSHCR, ওয়েস্টচেস্টার কাউন্টি, এবং গ্রিনবার্গ টাউনকে ধন্যবাদ।"

চেজ কমিউনিটি ডেভেলপমেন্ট ব্যাঙ্কিংয়ের (Chase Community Development Banking) নির্বাহী পরিচালক জেন ই সিলভারম্যান বলেন, "ট্রানজিট এবং অত্যাবশ্যকীয় সেবার কাছের অতি প্রয়োজনীয় আবাসন সংরক্ষণ ও তৈরি করা এই ডেভেলপমেন্টটির ব্যাপারে জর্জিকা গ্রিন ভেঞ্চার্স এবং গ্রিনবার্গ হাউজিং অথোরিটিকে সমর্থন করতে পেরে আমরা গর্বিত। এমন প্রকল্পের মাধ্যমে আমাদের সম্প্রদায়কে পুনর্গঠন করার জন্য সরকারি ও বেসরকারি অংশীদারদের প্রতিশ্রুতি ও সহযোগিতা প্রয়োজন; প্রকল্পটি পরিশেষে ওয়েস্টচেস্টার কাউন্টির বহু বয়স্ক মানুষের জীবন রূপান্তর করে দিবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন